

কার্যাবলী

১. দেশের সর্বস্তরের জনগণের জন্য পাঠ সুবিধা প্রদান
২. প্রাথমিকভাবে নিম্নোক্ত সুবিধাদিসহ রেফারেন্স লাইব্রেরি হিসেবে কাজ করবে
 - ক) সাধারণ পাঠকক্ষ
 - খ) শিশুদের জন্য বিশেষ পাঠকক্ষ
 - গ) সাময়িকী কক্ষ
 - ঘ) গবেষণা কক্ষ
- ৩) প্রবীণ কর্নার
৩. জেলা পর্যায় পর্যন্ত বিশেষ করে পাঠ্য ও রেফারেন্স বই এর উপর গুরুত্বারোপ করে জ্ঞানের সকল শাখার উপর একটি সুষম ও সমৃদ্ধপুষ্টক সংগ্রহ গড়ে তোলা
৪. শিশু সাহিত্যের উপর পর্যাপ্ত সংগ্রহ গড়ে তোলা এবং নগরীর আবাসিক এলাকাসমূহে অবস্থিত শিশু গ্রন্থাগারে বহুল ব্যবহারের ব্যবস্থা গ্রহণ
৫. আলোচনা সভা, গ্রন্থ প্রদর্শনী ইত্যাদির মাধ্যমে সাধারণ জনগণের পাঠাভ্যাস বৃদ্ধি এবং জ্ঞানচর্চা ও বুদ্ধিবৃত্তি সংক্রান্ত কাজে উৎসাহ যোগানের লক্ষ্যে গণগ্রন্থাগারগুলোকে এক একটি সাংস্কৃতিক কেন্দ্র হিসেবে গড়ে তোলা
৬. দেশের গণগ্রন্থাগারগুলোর পুনর্গঠন ও উন্নয়নের দায়িত্ব পালন
৭. সকল শ্রেণীর জনগণকে রেফারেন্স ও পরামর্শসেবা প্রদান এবং বাস্তবায়নে দায়িত্ব পালন
৮. সরকারি দপ্তরসমূহ ও জ্ঞানী ব্যক্তিবর্গকে গবেষণা ও রেফারেন্স সেবা প্রদান
৯. দেশে গণগ্রন্থাগার নীতি, আইন, বিধি ইত্যাদি প্রণয়ন এবং এগুলোর বাস্তবায়নে দায়িত্ব পালন
১০. গণগ্রন্থাগার কর্তৃক দেশের সর্বস্তরের শিক্ষা কার্যক্রমে পরিপূরক সহায়তা প্রদানের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে কার্যকর ভূমিকা পালন
১১. গণগ্রন্থাগারসমূহের মাধ্যমে দেশের সর্বস্তরের জনগণের জীবনব্যাপী অনানুষ্ঠানিক শিক্ষার সুযোগ সৃষ্টি
১২. দেশে নিরক্ষরতা দূরীকরণ ও উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রমে পরিপূরক সহায়তা প্রদান

১৩. সর্বশ্রেণীর জনগণের ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক জীবনে প্রয়োজনীয় তথ্য সরবরাহ
১৪. জনগণের মধ্যে নাগরিক সচেতনতা ও গণতান্ত্রিক মূল্যবোধ গড়ে তোলার মাধ্যমে গতভ্রের বিকাশ সাধনে সহায়তা প্রদান
১৫. গণগ্রন্থাগারসমূহে পাঠকক্ষ ও রেফারেন্স সেবার পাশাপাশি পুস্তক লেনদেন সেবা, ভ্রাম্যমান গ্রন্থাগার সেবাসহ অন্যান্য সম্প্রসারণমূলক কার্যক্রম বাস্তবায়ন
১৬. জনগণের জন্য সুস্থ ও নির্মল অবসর বিনোদনের সুযোগ সৃষ্টি
১৭. প্রতিটি গণগ্রন্থাগারে পৃথকভাবে শিশু শাখা সংগঠন ও পরিচালনা এবং শিশু ও তরুণদের মধ্যে পাঠাভ্যাস বৃদ্ধির মাধ্যমে তাদের মানসিক বিকাশ ও জ্ঞানের পরিধি সম্প্রসারণে প্রত্যক্ষ ভূমিকা পালন
১৮. প্রতিটি গণগ্রন্থাগারে রিপোগ্রাফী সেবা প্রদান
১৯. দেশের সকল গণগ্রন্থাগারে আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা প্রদান করা
২০. অধিদপ্তরের আওতাধীন ছোটখাট পূর্ত বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ কাজ নিজস্ব ব্যবস্থাপনায় সম্পাদন করা